# রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছাত্র-উপদেষ্টা দপ্তর

## মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় ভর্তির জন্য
## সাক্ষাৎকারের বিজ্ঞপ্তি

পত্র নং- ৬৬৬/ছা:উ: তারিখ : ৩০.০৭.২০২৩

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীদের নিম্নলিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্রে নির্বাচনী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে:

| তারিখ | ক্রমিক | সময় |
|---|---|---|
| ১৮ আগস্ট ২০২৩ | ১ থেকে ৪০৪ পর্যন্ত | সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত |
| ১৯ আগস্ট ২০২৩ | ৪০৫ থেকে ৮০৮ পর্যন্ত | সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত |
| ২০ আগস্ট ২০২৩ | ৮০৯ থেকে ১২১২ পর্যন্ত | সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত |

১) বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তিপরীক্ষার প্রবেশপত্র, সাবজেক্ট চয়েস ফরমের ফটোকপি এবং বীর মুক্তিযোদ্ধা পরিচিতির প্রমাণক হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ডিজিটাল সার্টিফিকেট/এমআইএস কপি (ওয়েব সাইট **http://mis.molwa.gov.bd/freedom-fighter-list** থেকে) ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত (ওয়েব সাইট **http://mis.molwa.gov.bd/combined-list** থেকে) বীর মুক্তিযোদ্ধাদের সমন্বিত তালিকার কপি (যে পাতায় মুক্তিযোদ্ধার নাম রয়েছে সেই পাতা) ডাউনলোড করে আনতে হবে।

২) এছাড়া নাতি-নাতনিদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তিপরীক্ষার প্রবেশপত্র, সাবজেক্ট চয়েস ফরমের ফটোকপি এবং বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনি পরিচিতির প্রমাণক হিসেবে অবশ্যই সংশ্লিষ্ট এলাকার মুক্তিযোদ্ধা সংসদের দায়িত্বপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের সাম্প্রতিক প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে । নাতি/নাতনি প্রমাণের জন্য দাদা/দাদী অথবা নানা/নানী এবং বাবা/মা-এর জাতীয় পরিচয়পত্র নিয়ে আসতে হবে। পরীক্ষার্থীর মায়ের জাতীয় পরিচয়পত্রে স্বামীর নাম উল্লেখ থাকলে মায়ের জন্মনিবন্ধন কার্ডের কপি নিয়ে আসতে হবে। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি উভয়ের ক্ষেত্রে উপরে বর্ণিত কাগজপত্রের ১ সেট ফটোকপি সাক্ষাৎকারের সময় জমা দিতে হবে।

৩) বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.ru.ac.bd**-তে পাওয়া যাবে।

৪) প্রাথমিকভাবে সাক্ষাৎকারের জন্য নির্বাচিত কোনো শিক্ষার্থীর নাম একাধিক ইউনিটে থাকলে একবার সাক্ষাৎকারে অংশগ্রহণ করলেই সে সবকটি ইউনিটে উপস্থিত হয়েছে বলে বিবেচিত হবে।

৩০.৭.২০২৩

(প্রফেসর মো. জাহাঙ্গীর আলম সাউদ)
সদস্য-সচিব,
মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি
নির্বাচন কমিটি ২০২২-২০২৩
ও
ছাত্র-উপদেষ্টা, রাজশাহী বিশ্ববিদ্যালয়